বৈদিক সমাজ ও সংস্কৃতি

প্রথম ভাগ

নৃপেন্দ্র গোস্বামী, এম. এ.,

রাজা রাধাকান্ত দেব গোল্ড মেডালিস্ট,

অধ্যাপক, দমদম মতিঝিল কলেজ, কলিকাতা-২৮,

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক বিভাগের পরীক্ষক।

নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

কলিকাতা : নূতন দিল্লী

"ছাকনীর দ্বারা সক্তুকে যেমন (সকলে) শোধন করে, তেমনি ধীমান্ ব্যক্তিরা মনের দ্বারা বাক্যকে তৈরী করেন। এই বাক্যের মধ্যে (তাঁরা) সখাবৎ সখ্য অবগত হন, অর্থাৎ, বাক্যকে বা ভাষাকে ভালবাসেন। তাঁদের বচনেই ভদ্রা লক্ষ্মী বিরাজমান।"—ঋ ১০।৭১।২

"কেউ কেউ বাক্যকে (ভাষাকে) দেখেও দেখে না, কেউ শুনেও শোনে না। যেমন কামনাবতী সুবসনবতী জায়া পতির নিকটে নিজ তনু প্রকট করে, তেমনি কারও কারও নিকটে (বাক্‌দেবী) নিজেকে প্রকাশ করেন।" —ঋ ১০।৭১।৪